

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০১২.২৭.০৪৮.১৭-


২৮২

তারিখঃ ২৭/৬/১৪২৪ বঙ্গাব্দ।  
১১/৭/২০১৭ খ্রিষ্টাব্দ।

"আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষে উচ্চ আদালত, নিম্ন আদালত, প্রশাসনিক আদালত, সিপিটিইউ ও অন্যান্য আদালতে দায়েরকৃত মামলা পরিচালনা ও তদারকির জন্য কিছু সংখ্যক আইনজীবী অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

- ১। প্রার্থীদের আইন পেশায় কমপক্ষে ১০ (দশ) বৎসর ও উচ্চতর আদালতে মামলা পরিচালনার ০৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চ আদালত, নিম্ন আদালত, প্রশাসনিক আদালত, সিপিটিইউ ও অন্যান্য আদালতে দেওয়ানী, ফৌজদারী, রীট, এটি, এএটিসহ বিভিন্ন প্রকার মামলা পরিচালনার পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন এবং উচ্চ আদালতে গুরুত্বপূর্ণ মামলা পরিচালনা করে মামলার স্বপক্ষে রায় পেয়েছেন এ ধরনের প্রমান পত্র আবেদনের সাথে দাখিলকৃত আইনজীবীদের অগ্রাধিকার দেয়া হবে।
- ২। প্যানেল আইনজীবী পদে নিয়োগ পেতে আগ্রহী প্রার্থীর নিজস্ব প্যাডে ১। নাম ২। পিতা ও মাতার নাম ৩। স্থায়ী ঠিকানা ৪। বর্তমান ঠিকানা ৫। চেম্বারের ঠিকানা ৬। জন্ম তারিখ ও বয়স ৭। শিক্ষাগত যোগ্যতা ৮। অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। আবেদনের সাথে সদ্য তোলা ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং জাতীয় পরিচয় পত্রের ছায়াকপি সংযুক্ত করতে হবে। প্রার্থীদের আগামী ২৫/০৭/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ১০০০ বরাবর ডাকযোগে/সরাসরি আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদন গ্রহণ করা হবে না।
- ৩। আবেদনের সাথে বার কাউন্সিলের সনদসহ সকল পরীক্ষা পাসের সনদপত্রের ছায়াকপি সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনের শেষ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ৪০ বৎসর হতে হবে। অবসরপ্রাপ্ত কর্মক্ষম জেলা জজ/বিচারকগণও আবেদন করতে পারবেন।
- ৫। যোগ্য প্রার্থীদের মূল সনদপত্রাদিসহ নিয়োগ কমিটি কর্তৃক সাক্ষাৎকার গ্রহণ ও নির্বাচিত প্রার্থীদেরকে অধিদপ্তরের নির্ধারিত সম্মানীর হারের সম্মতির ভিত্তিতে নিয়োগের ব্যবস্থা করা হবে।
- ৬। এ নিয়োগ সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হবে।
- ৭। নিয়োগপ্রাপ্ত প্যানেল আইনজীবীগণ মামলা পরিচালনা বাবদ কর্তৃপক্ষের অনুমোদিত নির্ধারিত সিডিউল অব ফিস গ্রহণের সম্মতি ও শর্তাবলী পালন সাপেক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের পক্ষে আদালতে মামলা পরিচালনা করতে হবে।
- ৮। মনোনীত আইনজীবী ০৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে নিয়োগ দেয়া হবে এবং উভয় পক্ষের সম্মতিতে তা নবায়ন যোগ্য।
- ৯। নিয়োগকৃত আইনজীবীগণ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের স্বার্থ বিরোধী কোন মামলা পরিচালনায় অংশ গ্রহণ করতে পারবেন না।
- ১০। নিয়োজিত প্যানেল আইনজীবীগণকে বিজ্ঞ এ্যাটর্নী জেনারেল অফিস, বিজ্ঞ সলিসিটরের অফিস ও জিপি এবং পিপি অফিসের সাথে সমন্বয় করে মামলা পরিচালনা করতে হবে।
- ১১। নিয়োগকৃত আইনজীবীগণকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের নির্দেশ মোতাবেক মামলাসমূহ পরিচালনা করতে হবে।



মোঃ হানুন-উজ্জ-জামান ভূইয়া  
যুগ্মসচিব  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।